# U.G. 6th Semester Examination - 2022

## BENGALI

### [HONOURS]

**Course Code: BBNGCCHT602**

**Course Title: সীমান্ত বাংলার লোকসাহিত্য**

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘণ্টা

*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) দরবারী ঝুমুর বলতে কী বোঝ?

খ) 'সঙ্গীতদামোদর' গ্রন্থের লেখক কে?

গ) রামকৃষ্ণ গাঙ্গুলী কে ছিলেন?

ঘ) ঝুমুরের একটি রাগ বা সুরের নাম উল্লেখ করো।

ঙ) কোন্ মাসে টুসু পরব অনুষ্ঠিত হয়?

চ) কবে 'টুসু জাগরণ' অনুষ্ঠান হয়?

ছ) প্রচলিত কাহিনি অনুসারে ভাদু পূজার সূত্রপাত কোথা থেকে?

জ) ভাদু গানের দু'টি বৈশিষ্ট্য উল্লেখ করো।

ঝ) ছৌ-নাচে ব্যবহৃত দু'টি বাদ্যযন্ত্রের নাম লেখো।

ঞ) ছৌ-নাচ ও ঝুমুর নাচের মধ্যে একটি পার্থক্য উল্লেখ করো।

[পরের পাতায়]

ট) কোন্ সংগীতের সুর-তাল-ছন্দে ছৌ নাচ পরিবেশিত হয়?

ঠ) ভাদুগান কারা পরিবেশন করে?

ড) ছৌ-কে মুখোশ নৃত্য বলা হয় কেন?

ঢ) 'টাইড় ঝুমুর' কী?

ণ) টুসু পুজোয় নৈবেদ্য বা ভোগ হিসেবে দেবীকে কী কী নিবেদন করা হয়?

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) 'পালা ঝুমুর' কাকে বলে?

খ) সীমান্ত বাংলার ঝুমুরের দু'টি বিশেষত্ব উল্লেখ করো।

গ) টুসু বোধন বা স্থাপন করার সময় কোন্ কোন্ লোকাচার রীতি পালন করা হয়?

ঘ) টুসু গানে 'রং' বলতে কী বোঝ?

ঙ) 'ভাদু জাগরণ' পর্ব বলতে কী বোঝায়?

চ) সীমান্ত বাংলার ছৌ-নাচের দু'টি বৈশিষ্ট্য লেখো।

ছ) ছৌ-নৃত্যের 'চাইল'গুলি উল্লেখ করো।

জ) ঝুমুর অবলম্বনে একটি লোকনৃত্য পরিবেশিত হয় — সেই লোকনৃত্যটির নাম একজন শিল্পীসহ উল্লেখ করো।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) টুসু ভাসানের আগের দু'দিন কী কী নামে পরিচিত? ঐ দু'দিনের তাৎপর্য ব্যাখ্যা করো।

খ) 'নাচনিশাইল্যা' ঝুমুর বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো।

গ) ছৌ-নাচে মুখোশ ব্যবহারের গুরুত্ব আলোচনা করো।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) সীমান্ত বাংলার ঝুমুর গানের প্রসার ও জনপ্রিয়তার বিশেষত্বগুলি নির্ণয় করো।

খ) ভাদুগানে প্রতিফলিত নারী সমাজ জীবনের প্রতিচ্ছবি নিজের ভাষায় আলোচনা করো।

গ) ছৌ-নাচের কয়টি ধারা ও কী কী? যে কোনো একটি ধারার সংক্ষিপ্ত পরিচয় দাও।